



জেলা পরিষদ, নোয়াখালী

জেলা পরিষদ ভবন, সোনাপুর, নোয়াখালী, ফোন- ০২-৩৩৪৪৩৩৬৬০, web:www.zp.noakhali.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর- ৪৬.৪২.৭৫০০.২০১.০৭.০০২.১৪-১৮০

২২ বৈশাখ, ১৪৩১

০৫ মে, ২০২৪

এককালীন শিক্ষা বৃত্তির বিজ্ঞপ্তি

নোয়াখালী জেলার গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রী যারা ২০২২ সনে এস.এস.সি/দাখিল এবং এইচ.এস.সি/আলিম অথবা সমমানের পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়ে বর্তমানে বাংলাদেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত রয়েছে তাদের ২০২৩-২৪ অর্থবছরে নোয়াখালী জেলা পরিষদের নিজস্ব তহবিল হতে এককালীন শিক্ষা বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী

- ১। আবেদনকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই নোয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- ২। যে সকল ছাত্র/ছাত্রীদের অভিভাবকের বার্ষিক আয় ৩,০০,০০০/= (তিন লক্ষ) টাকার নীচে শুধুমাত্র তারাই আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।
- ৩। ২০২২ সনে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীর নিম্নবর্ণিত জিপিএ থাকতে হবে

পরীক্ষার নাম	বিভাগ		
	বিজ্ঞান	মানবিক	বাণিজ্য
এস.এস.সি	৫.০০	৪.৭৫	৪.৭৫
এইচ.এস.সি	৫.০০	৪.৭৫	৪.৭৫

- ৪। মুক্তিযোদ্ধা পোষা ও প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বিজ্ঞান বিভাগে জিপিএ-৪.৫০ এবং মানবিক/বাণিজ্য বিভাগে জিপিএ-৪.০০ থাকতে হবে। মুক্তিযোদ্ধা পোষা প্রমাণের জন্য কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার অনুকূলে প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা বিভাগ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৫। আগামী ০৫-০৬-২০২৪ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন জেলা পরিষদ, নোয়াখালী কার্যালয় হতে বিনামূল্যে অথবা জেলা পরিষদের ওয়েব সাইট www.zp.noakhali.gov.bd হতে ডাউনলোড করে বৃত্তির আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
- ৬। আবেদনকারীকে স্বহস্তে আবেদন ফরম পূরণ করতে হবে।
- ৭। আবেদনপত্রের সাথে অবশ্যই নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে :
 - ক) এস.এস.সি/দাখিল এবং এইচ.এস.সি/আলিম অথবা সমমানের পরীক্ষার ক্ষেত্রে সনদপত্র এবং মার্কশীটের সত্যায়িত ফটোকপি।
 - খ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবি যা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/অধ্যয়নরত প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে।
 - গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
 - ঘ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত অভিভাবকের বার্ষিক আয়ের সনদপত্র। চাকরিজীবী অভিভাবকের ক্ষেত্রে অফিস প্রধান কর্তৃক প্রদত্ত বার্ষিক আয়ের সনদপত্র।
- ৮। বৃত্তির আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের সুপারিশসহ আগামী ০৫-০৬-২০২৪ খ্রি. এর মধ্যে অফিস চলাকালীন নোয়াখালী জেলা পরিষদ কার্যালয়ে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ৯। কর্তৃপক্ষ যে কোন শর্ত সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



মোহাম্মদ শফিউল আলম
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নোয়াখালী

ফোন- ০২-৩৩৪৪৩৩৬৬০

e-mail: ceozpnoakhali@gmail.com



০৫/০৫/২০২৪